

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর-০৪.০০.০০০০.৫১২.১৬.০০৮.১৪-৪১৩

তারিখ: ১০ কার্তিক ১৪২২  
২৫ অক্টোবর ২০১৫

বিষয়: পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে (FCR) যথাযথ তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৪.০৩.০০২.২০১৫-৪১৪ তারিখ: ১৯.১০.১৫

পাক্ষিক গোপনীয় প্রতিবেদন যে কোন জেলার একটি নির্দিষ্ট সময়ে সংঘটিত গুরুত্বপূর্ণ রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক এবং অন্যান্য বিষয়/অবস্থার সংক্ষিপ্ত বিবরণ-সংবলিত বস্তুনিষ্ঠ প্রতিবেদন হিসাবে গণ্য করা হয়ে থাকে। তাছাড়া, সংশ্লিষ্ট জেলার উল্লেখযোগ্য সমস্যার আশঙ্কা সম্পর্কে কিংবা সরকারের আশু দৃষ্টি আকর্ষণযোগ্য বিষয়াবলি সম্বন্ধে উক্ত প্রতিবেদনে উল্লেখ করার বিধান রয়েছে। অধিকন্তু, কোন জেলার অনন্য বৈশিষ্ট্য অথবা জনগুরুত্বপূর্ণ বিষয়ও এই প্রতিবেদনে উল্লেখ করার সুযোগ রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হিসাবে মাঠ প্রশাসন হতে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পরিমার্জিত আকারে ও সুপারিশ সহকারে কতিপয় বিষয় সদয় অবলোকন এবং কতিপয় বিষয় সদয় সিদ্ধান্তের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবলোকন ও সানুগ্রহ দিক-নির্দেশনার পরিপ্রেক্ষিতে এগুলি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ কার্যালয়ে প্রেরণ করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ জেলার পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে সংশ্লিষ্ট জেলার বিশেষ বৈশিষ্ট্য, সম্ভাবনা, জনগুরুত্বপূর্ণ বিষয় কিংবা উল্লেখযোগ্য সমস্যার আশঙ্কা/সরকারের আশু দৃষ্টি আকর্ষণযোগ্য বিষয়াবলি উল্লেখ করা হয় না। যথাযথভাবে পাক্ষিক গোপনীয় প্রতিবেদন প্রণয়নের সুবিধার্থে তীর কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এরপরও প্রাপ্ত প্রতিবেদনে উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে, পাক্ষিক গোপনীয় প্রতিবেদন প্রণয়নের ক্ষেত্রে নিম্নোল্লিখিত বিষয়গুলির দিকে বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হল:

- (ক) অধিকতর মনোযোগ সহকারে পাক্ষিক গোপনীয় প্রতিবেদন প্রণয়ন করতে হবে;
- (খ) ছকের প্রত্যেকটি কলাম (প্রযোজ্য ক্ষেত্রে) যথাযথভাবে পূরণ করতে হবে। এক কলামের তথ্য অন্য কলামে উল্লেখ করা যাবে না;
- (গ) প্রযোজ্য ক্ষেত্রে মন্তব্য কলামে মতামত উল্লেখ করা যাবে;
- (ঘ) যেসব কলামে সমস্যা/সমস্যার আশঙ্কা/গৃহীত কার্যক্রম/উত্তরণের সুপারিশ ইত্যাদি রয়েছে সেসব কলাম প্রয়োজনীয় তথ্য-উপাত্ত/যৌক্তিকতা উল্লেখপূর্বক পূরণ করতে হবে;
- (ঙ) সংশ্লিষ্ট জেলার অনন্য বৈশিষ্ট্য, সম্ভাবনা, জনগুরুত্বপূর্ণ কিংবা উল্লেখযোগ্য বিষয় থাকলে প্রতিবেদনে তা উল্লেখ করতে হবে;
- (চ) ছকের ১১.১ এবং ১১.২ কলাম পূরণের প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে;
- (ছ) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনে উল্লিখিত তথ্যাদি আবশ্যিকভাবে পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে;

